কেমন হবে ইমাম মাহদী আলাইহিস্ সালাম এবং তাঁর সাথীদের যিন্দেগী?
সীরাতের আলোকে রচিত ঈমানদীপ্ত একটি অদ্বিতীয় কিতাব-

নবীওয়ালা এবং সাহাবাওয়ালা যিন্দেগী (গরীব ইসলাম)

(তৃতীয় খণ্ড)

-শাইখ মাহমুদ আল হিন্দী

অনুবাদ-
আবু আব্দুল্লাহ

لَّقَدْ كَانَ لَكُمْ فِى رَسُولِ ٱللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُو ٱللَّهَ وَٱلْيَوْمَ ٱلْآخِرَ وَذَكَرَ ٱللَّهَ كَثِيراً ﴿٢١﴾

"তোমাদের মাঝে যারা আল্লাহ (তাআলার সন্তুষ্টি ও মহব্বত) এবং শেষ দিবসের (কামিয়াবীর) আশা রাখে, আর অধিক পরিমাণে আল্লাহর যিকির (স্মরণ) করে, তাদের জন্য আল্লাহর রাসূলের মাঝে রয়েছে উত্তম আদর্শ (উস্‌ওয়াতুন্‌ হাসানাহ্‌)।"

(সূরা আহযাব ৩৩:২১)

হযরত আয়েশা রদিয়াল্লহু আনহা হতে বর্ণিত, নবী করীম ﷺ বলেছেন,

بَدَأَ الْاِسْلَامُ غَرِيْبًا وَسَيَعُوْدُ كَمَا بَدَأَ غَرِيْبًا فَطُوْبٰى لِلْغُرَبَاءِ

“ইসলাম শুরুতে গরীব (অপরিচিত) ছিল, খুব শীঘ্রই তা আবার গরীব (অপরিচিত) হয়ে যাবে যেমনটি শুরুতে ছিল, সুতরাং সুসংবাদ গোরাবাদের জন্য (যারা অপরিচিত ইসলামকে নিজেদের জীবনে আঁকড়ে ধরে রাখে)।”

(সহীহ মুসলিম)

[বি.দ্রঃ ‘গরীব’ শব্দটি আরবী শব্দ, যার অর্থ ‘অপরিচিত’। উর্দূ এবং বাংলাতেও ‘গরীব’ শব্দটি ব্যবহৃত হয়, যার অর্থ ‘নিঃস্ব’। সুতরাং শব্দ একই হলেও বিভিন্ন ভাষায় অর্থ ভিন্ন ভিন্ন।- অনুবাদক]

হযরত সা’দ বিন হিশাম রদিয়াল্লহু আনহু আম্মাজান হযরত আইশা রদিয়াল্লহু আনহাকে প্রশ্ন করলেন, হে মুমিনদের আম্মা! আমাকে নবীজী ﷺ-এর আখলাক সম্পর্কে বলুন। আম্মা তাকে জিজ্ঞাসা করলেন, তুমি কি কুরআন পড়ো না? সা’দ বিন হিশাম রদিয়াল্লহু আনহু বললেন, জ্বী হ্যাঁ। তখন আম্মা বললেন, কুরআনই হলো নবীজী ﷺ-এর আখলাক।

যেহেতু কুরআন নবীজী ﷺ-এর আখলাক, আর কুরআনই হলো সকল এলেমের উৎস, তাই নবীজী ﷺ-এর যিন্দেগীই হলো সকল এলেমের মূল কেন্দ্রবিন্দু, বাস্তব জগতে কুরআনের অনুবাদ। আর নবীজী ﷺ-এর যিন্দেগীর যে ওয়ারিশ হবে বা সেই পবিত্র যিন্দেগীকে যে নিজের যিন্দেগী বানাবে কেবলমাত্র তারাই প্রকৃত আলেম, তাঁরাই প্রকৃত কুরআনের অনুসারী।

উলামায়ে কেরামের সমালোচনা না করা চাইঃ

সাবধান! খুব সাবধান! মুখ দিয়ে যেন 'আহলে হক' উলামায়ে কেরামের কোনো সমালোচনা বের না হয়! নাহলে ধ্বংস অনিবার্য!

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "যে ব্যক্তি আমাদের বড়দের সম্মান করে না, আমাদের ছোটদের উপর দয়া করে না, এবং আমাদের আলেমগণের হক বুঝে না/ তাঁদের সম্মান করে না, তারা আমার উম্মতের অন্তর্ভূক্ত নয়।" (মুসনাদে আহমাদ, তাবারানী, মাজমায়ে যাওয়ায়েদ)

তিনি ﷺ আরো ইরশাদ করেন, "আমি আমার পরবর্তী খলিফাকে অসিয়ত করছি এবং তাকে মুসলমানদের জামাত সম্পর্কে এই অসিয়ত করছি যে, সে যেন মুসলমানদের বড়দের সম্মান করে, তাদের ছোটদের উপর রহম করে, তাদের উলামাদের ইজ্জত করে,...........।" (বায়হাকী ১৬১/৮)

একদিন রাসূলুল্লাহ ﷺ হযরত মুআয রদিয়াল্লহু আনহুকে উপদেশ দিয়ে বললেন, "হে মুআয! আমার (যিন্দেগীর) অনুসরণ কর, যদিও তোমার আমল ও ইবাদতে ত্রুটি থাকে। হে মুআয! তোমার যবানকে হিফাযত কর, বিশেষ করে কুরআনের বাহকদের সমালোচনা ও নিন্দাবাদ থেকে বেঁচে থাক, তোমার অপরাধ অন্যের উপর চাপিয়োনা; নিজেকেই দোষী জ্ঞান কর, অন্যের প্রতি দোষারোপ না করে নিজে অপরাধে লিপ্ত হওয়া থেকে বাঁচতে চেষ্টা করো,.............."

প্রিয়নবী ﷺ আরো ইরশাদ করেন, "তোমাদের মধ্যে সর্বোত্তম সেই ব্যক্তি যে নিজে কুরআন শিখে এবং অন্যকে তা শিক্ষা দেয়।"

উম্মতের প্রথম শ্রেণির মানুষ হচ্ছেন সম্মানিত উলামায়ে কেরাম। তাঁদের এই মর্যাদা মূলত কুরআন কারীমের মর্যাদার কারণে। যে ব্যক্তি যে বিষয়ের সাথে সম্পর্ক রাখে সে ব্যক্তি সে অনুপাতে সম্মানিত হয়। যেহেতু কুরআন কারীম মহাবিশ্বের সবচেয়ে দামী ও সম্মানিত গ্রন্থ, তাই এর সাথে যারাই সম্পর্কিত তাদেরই মর্যাদা সর্বোচ্চে থাকবে এটাই স্বাভাবিক। যেমনঃ ফেরেশতাদের মধ্যে সবচেয়ে সম্মানিত তাঁরাই যারা লওহে মাহফুযে কুরআন সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত, যারা লওহে মাহফুয থেকে কুরআন নকল করেন, আবার সকল ফেরেশতাদের মধ্যে সবচেয়ে সম্মানিত তিনি (হযরত জিবরাঈল আলাইহিস্ সালাম), যিনি নবীজী ﷺ-এর কাছে কুরআন নিয়ে এসেছেন। সাহাবায়ে কেরামের মধ্যেও যারা কুরআনের ইল্‌ম এবং আমলের দিক দিয়ে এগিয়ে ছিলেন, তাদের মর্যাদাও অন্যান্য সাহাবাদের চেয়ে বেশি ছিল (রদিয়াল্লহু আনহুম আযমাঈন)।

যেহেতু উলামায়ে কেরাম নবীদের ওয়ারিশ, তাই প্রত্যেক যামানার আহলে হক উলামায়ে কেরাম সেই যামানার নবীদের মতো। সাধারণ মানুষদের উপর এটি ফরয যে, তারা হক্কানী উলামায়ে কেরামের সাথে সম্পর্ক স্থাপন করে নিজেদের যিন্দেগী গড়বে। যেহেতু কিয়ামত পর্যন্ত আর কোনো নবী আসবেন না, তাই আল্লাহর রাসূলের পর উলামায়ে কেরামই প্রত্যেক যামানার উম্মতের রাহ্‌বার। এই যামানায় নবী আসলে তাঁকে যেভাবে সম্মান করা হতো, রাসূলের ওয়ারিশ হওয়ার কারণে তাই একজন সাধারণ উম্মতকে অবশ্যই উলামায়ে কেরামের প্রতি সম্মান ও ভক্তি প্রদর্শন করতে হবে।

কোনো উলামায়ে কেরামকে অসম্মানিত করা প্রকারান্তরে কুরআনকে অবমাননা করা। তাঁর মাঝে কোনো ভুল-ত্রুটি থাকলে তার জন্য তিনি নিজে দায়ী থাকবেন। তথাপি তার প্রতি বে-আযমতী, বে-ইজ্জতিমূলক ব্যবহার বা তার সম্পর্কে এরূপ কোনো মন্তব্য করা উম্মতের জন্য কখনোই সঙ্গত নয়।

প্রশ্ন করতে পারেন, যদি কোনো একজন আলেমকে দেখা যায়, তিনি কোনো ভুল-ভ্রান্তি, বা গোমরাহীতে, কিংবা গোনাহে কবীরায় লিপ্ত, তাহলে কি করবো?

এক্ষেত্রেও আম-মজমাতে উলামায়ে কেরামের কোনো সমালোচনা করা যাবে না। তার প্রতি যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক কথা বলতে হবে, কোনোরূপ বেয়াদবী যেন প্রকাশ না পায়।

বিষয়টি এভাবে চিন্তা করুন। যদি আপনার দেশের প্রধানমন্ত্রী কিংবা প্রেসিডেন্টের কোনো সন্তান মদ পান করে, কিংবা জিনা করে, আর সে যদি আপনার বাড়িতে বেড়াতে আসে, তাহলে আপনি তার সাথে কেমন আচরণ করবেন? নিশ্চয়ই তার সাথে আপনি অত্যন্ত সুন্দর আচরণ করবেন, তাকে সম্মান প্রদর্শন করবেন। সে যেন আপনার প্রতি পরিপূর্ণ সন্তুষ্ট হয়, সেদিকে সর্বাত্মক চেষ্টা করবেন। তাইনা? তাহলে, যেখানে আল্লাহর রাসূল ﷺ বলেছেন, আহলুল কুরআন (উলামায়ে কেরাম)-গণ বিশ্বজগতের পালনকর্তা আল্লাহ তাআলার খাস পরিবারভূক্ত লোক, তাহলে তাদের কোনো ভুল-ত্রুটি আমাদের গায়ে এত লাগে কেন? আসলে প্রকৃত ব্যাপার হলো, একজন প্রধানমন্ত্রী কিংবা প্রেসিডেন্টের যে আযমত আমাদের দীলের মাঝে আছে, সেই পরিমাণ আযমত আল্লাহ, তাঁর রাসূল ﷺ কিংবা কুরআন কারীমের প্রতি নেই।

এ কারণে একজন প্রেসিডেন্ট বা প্রধানমন্ত্রীর ফাসেক পুত্রের প্রতি যে পরিমাণ সম্মান প্রদর্শন করি, একজন কুরআনের বাহক, আল্লাহর খাস পরিবারভূক্ত লোক কিংবা রাসূলের ওয়ারিশের প্রতি সেই পরিমাণ আযমত আমাদের দীলে নেই।

প্রকৃতপক্ষে, এটি উম্মতের ধ্বংসের একটি আলামত যে, তাদের অন্তর হতে উলামায়ে কেরামের আযমত উঠে গেছে।

তাই সাবধান, উলামায়ে কেরামের কোনোরূপ সমালোচনা না করা চাই। উলামায়ে কেরামের সংশোধনের ফিকির উপযুক্ত ব্যক্তিরা করবে। সাধারণ উম্মত নয়!

হ্যাঁ, যদি আপনার জানামতে এমন কোনো জায়গা থেকে থাকে, যেখানে উক্ত আলেম সম্পর্কে অবহিত করলে, তারা ঐ আলেমের সংশোধনের ফিকির করতে পারবে, সেক্ষেত্রে আপনি সেখানে ব্যাপারটি উল্লেখ করতে পারেন, কিন্তু অত্যন্ত আদবের সাথে। মনে রাখবেন, বেআদব আল্লাহর রহমত থেকে বঞ্চিত হয়ে যায়। আর কখনোই বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজনদের সাথে বিষয়টি আলোচনা করবেন না। এতে করে সাধারণ মানুষের অন্তরে উলামা বিদ্বেষ তৈরি হবে। ফলে তারা হক্কানী উলামায়ে কেরামকেও উলামায়ে ছু'দের মতো মনে করা শুরু করবে। কেননা তারা এই দুই শ্রেণির মাঝে পার্থক্য করার ক্ষমতা রাখে না। যার ফলে তারা আলেমদের থেকে দূরে সরে যাবে। যিন্দেগীর কোনো বিষয়ে তারা উলামায়ে কেরামের সাথে পরামর্শ করার প্রয়োজন অনুভব করবে না। ফলে দ্বীন থেকে দূরে সরে ধ্বংস হয়ে যাবে। তখন তাদের এই ধ্বংসের জন্য আপনিই দায়ী থাকবেন।

কেউ কেউ প্রশ্ন করতে পারেন, ভাই, আপনি তো আপনার লিখিত নবীওয়ালা এবং সাহাবাওয়ালা যিন্দেগী (গরীব ইসলাম) কিতাবের বিভিন্ন স্থানে আলেমদের অনেক সমালোচনা করেছেন, এই বিষয়ে কী বলেন?

সেখানে আমি কী লিখেছি, কেন লিখেছি, কী উদ্দেশ্যে লিখেছি, তা উলামায়ে কেরাম অবশ্যই বুঝেছেন। আমার উদ্দেশ্য কখনোই 'উলামায়ে কেরামের সমালোচনা করা' ছিল না। আমি শুধু বুঝাতে চেয়েছি, সাহাবায়ে কেরামের ইসলাম থেকে আমরা কতটুকু দূরে সরে গিয়েছি! নবীওয়ালা ইসলামের সাথে আমাদের ইসলামের কতটুকু পার্থক্য!

আল্লাহ তাআলা আমাকে যা দান করেছেন, সেই আলোকেই বিষয়টি পর্যালোচনা করেছি। আর পুরো বিষয়টি আমার এবং উম্মতের সম্মানিত উলামায়ে কেরামের মাঝেই সীমাবদ্ধ! এতে সাধারণ উম্মতের কোনো অংশ নেই। আমার লেখা পড়ে কেউ উলামায়ে কেরামের সমালোচনা করবে, এই অধিকার আমি কাউকে দেইনি। যারা এমনটি করবে তাদের সাথে আমার কোনোরূপ দূরবর্তী সম্পর্কও নেই।

যেহেতু আমার এই কিতাবে উম্মতের সকল তবকার মুসলমানদের ইসলাহ করার প্রয়াস চালানো হয়েছে, হারানো নববী ইসলামকে পুনরুদ্ধারের চেষ্টা করা হয়েছে, আর উলামায়ে কেরাম হচ্ছেন উম্মতের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ, তাই তাদের ভুল-ভ্রান্তির বিষয়টি এড়িয়ে গেলে আমার কিতাব কেবলই অসম্পূর্ণ নয়, হতো মারাত্মক ত্রুটিপূর্ণ। তারপরও আমি এ ব্যাপারে আল্লাহ তাআলার কাছে পানাহ চাচ্ছি। তাঁর কাছে উম্মতের সকল তবকার মুসলমানদের

সংশোধন কামনা করছি। আর আমার দীলের অবস্থা একমাত্র আমার প্রতিপালকই সবচেয়ে ভালো জানেন।

আমরা প্রত্যেকেই যার যার অবস্থান থেকে এভাবে চিন্তা করি, মাহমুদ সাহেব তার কিতাবে আমার কী কী ভুল চিহ্নিত করেছেন, আমি কী করছি, আর আমার এখন কী করা দরকার! কখনোই 'অন্যেরা কী করছে' সেদিকে না তাকাই।

তাবলীগী ভাইয়েরা আলেমদের দিকে না তাকাই, সালেকীন ভাইয়েরা আলেমদের দিকে না তাকাই, মুজাহিদ ভাইয়েরা আলেমদের দিকে না তাকাই, সাধারণ মুমিন ভাইয়েরা আলেমদের দিকে না তাকাই। প্রত্যেকের দৃষ্টি নিচের দিকে অর্থাৎ নিজের দিকে নিবদ্ধ রাখি। কেননা, হাশরের ময়দানে আমাকে অন্যদের সম্পর্কে জিজ্ঞাসা করা হবে না, প্রত্যেককেই নিজেদের সম্পর্কে জিজ্ঞেস করা হবে।

পূর্বেও বলেছি, আবারো বলছি, কারো সমালোচনা করা আমাদের উদ্দেশ্য নয়, বরং আমরা উম্মতের ইসলাহ কামনা করি। আল্লাহর কসম আমরা উম্মতের ভালাই চাই। তাই কিতাবটি পাঠান্তে সমালোচনা নয়, আত্মসমালোচনা চাই; বিরোধিতা নয়, আত্মসংশোধন চাই; যুগের স্রোতে গা ভাসিয়ে দেয়া নয়, যিন্দেগীর পরিবর্তন চাই; আর গাফলত নয়, এবার জাগ্রত হওয়া চাই, রণসাজে সজ্জিত হয়ে, "আল্লাহু আকবার" তাকবীর ধ্বনি তুলে, ময়দানে ঝাঁপিয়ে পড়া চাই।

-মাহমুদ আল হিন্দী

-উম্মতে মুহাম্মাদীর একজন 'নাদান' হিতাকাঙ্ক্ষী।

সাহাবাওয়ালা মেজাজ গড়তে..........

কিয়ামত পর্যন্ত উম্মতকে সঠিক পথ দেখাতে.........

পৃথিবীর মানচিত্র ও ইতিহাসকে পরিবর্তন করতে.........

উম্মতকে সাহাবাওয়ালা ঈমানী চেতনায় জাগ্রত করতে.........

আখেরী যামানার উম্মতকে নবুয়তের যামানায় ফিরিয়ে নিতে.......

সাহাবায়ে কেরামের জামাতের আদলে একটি নূরানী জামাত তৈরি করতে.......

এই কিতাবটি যথেষ্ট সহায়ক হবে ইনশাআল্লাহ!!!

-মাহমুদ আল হিন্দী

ইমাম মাহদী আলাইহিস্ সালাম এবং তাঁর সাথীদের মূল শক্তি হবে আল্লাহর সাথে সম্পর্ক (তাআ'ল্লুক মাআ'ল্লাহ্), আর তাদের মূল অস্ত্র হবে দুআ।

-মাহমুদ আল হিন্দী

উৎসর্গঃ

প্রথমত, আমার নফ্স-কে, কেননা কাউকে নসীহত করার মতো যোগ্যতা বা ক্ষমতা কোনোটাই আমার নেই, কেবল আমার নফ্স ছাড়া! সবচেয়ে বেশি নসীহতের মুহতাজ আমি নিজে।
হে নফস্! এই কিতাবের প্রতিটা শব্দ তোমার জন্য। তাই কিতাবটি ভালোভাবে বারবার পড়ো, কেননা এর উপর তোমাকে অবশ্যই আমল করতে হবে।

দ্বিতীয়ত, যারা সাহাবাওয়ালা যিন্দেগী চিনতে চায়, গড়তে চায়, তাদেরকে।

আল্লাহ তাআলা আমাদের সকলকে সাহাবাওয়ালা যিন্দেগী দান করুন। আমীন।

সূচিপত্র (তৃতীয় খণ্ড)

পঞ্চম গুণ

গুনাহমুক্ত যিন্দেগী গঠন করা

০৫. গুনাহমুক্ত যিন্দেগী গঠন করা

সাহাবায়ে কেরামের জামাত নিষ্পাপ ছিলো

আল্লাহ তাআলা তাঁর প্রিয় হাবীব ﷺ-কে সহযোগিতার জন্য এমন কিছু মহামানব নির্বাচন করেছিলেন, যারা ছিলেন নিষ্পাপ, গোনাহমুক্ত। তাঁরা আল্লাহ তাআলার দরবারে হাত তুললে আল্লাহ তাআলা কখনো সেই হাত ফিরিয়ে দিতেন না। তাঁদের উপর আল্লাহ তাআলা সন্তুষ্ট হয়ে গিয়েছেন, তাঁরাও আল্লাহ তাআলার উপর সন্তুষ্ট হয়েছেন।

প্রত্যেক যামানার মুসলমানদের জন্য করণীয় হচ্ছে, সাহাবাওয়ালা যিন্দেগী গঠন করে আল্লাহ তাআলার কালিমাকে বুলন্দ করা, যে কাজটি আল্লাহ তাআলা সাহাবায়ে কেরামের জামাত দ্বারা নিয়েছেন।

(আলামতদৃষ্টে আমরা আশা করি) বর্তমান সময় ইমাম মাহদী আলাইহিস্ সালামের যামানা। যদি বর্তমান সময় সেই যামানা নাও হয়, তবুও আমাদের কর্তব্য হচ্ছে, নিজেদেরকে সকল প্রকার গুনাহ হতে পাক-পবিত্র করা। আর ইমাম মাহদী আলাইহিস্ সালামের সঙ্গীদের জন্য এটি আরো জরুরী হবে। কেননা, বর্তমান সময়ে প্রযুক্তির দিক থেকে কুফ্ফাররা আমাদের চেয়ে কয়েক শতাব্দী এগিয়ে। যদি প্রযুক্তি মাপা হয়, ইমাম মাহদী আলাইহিস্ সালাম এবং তাঁর সঙ্গীবর্গ এ পৃথিবীতে কিছুই করতে পারবেন না। আসলে ইমাম মাহদী আলাইহিস্ সালামের জন্য এমন এক বাহিনী চাওয়া হচ্ছে, যে বাহিনীর মাঝে কোন কবীরা গুনাহ করনে ওয়ালা

থাকবে না, এমনকি সগীরা গুনাহ হতেও তারা সর্বোচ্চ পরহেয করনেওয়ালা হবেন। তাওবার দ্বারা তারা সকল গুনাহকে মাফ করিয়ে আল্লাহ তাআলার নিকট নিষ্পাপ সাব্যস্ত হবেন। যার ফলে ইমাম মাহদী আলাইহিস্ সালাম ও তাঁর সাথীদের জন্য আল্লাহ তাআলাই যথেষ্ট হয়ে যাবেন। যদি এমন কোনো বাহিনী পৃথিবীতে থাকে, যারা অস্ত্রে-শস্ত্রে অত্যাধুনিক আর তারা ইমাম মাহদী আলাইহিস্ সালামের সহযোগী হতে চান, কিন্তু তারা নিজেদেরকে পরিশুদ্ধ করেননি, গুনাহমুক্ত হতে পারেননি, সাহাবাওয়ালা যিন্দেগী আসেনি, তাদের এই অস্ত্র-শস্ত্র আল্লাহর সামনে কোনই কাজে আসবে না, তারা আল্লাহ তাআলার কাছে ইমাম মাহদী আলাইহিস্ সালামের বাহিনী হিসেবে কবুল হতে পারবেননা। সেক্ষেত্রে আল্লাহ তাআলা এমন কিছু গুনাহমুক্ত, নিষ্পাপ মানুষকে তাঁর কাজ বাস্তবায়নের জন্য নির্বাচন করবেন, যাদেরকে দুনিয়ার মানুষ হয়তো দুর্বল ভাবতো, অস্ত্রহীন ভাবত, কিন্তু গুনাহমুক্ত হওয়ায় তাঁরা আল্লাহ তাআলার কাছে অনেক শক্তিশালী, অনেক কিছু। তারা দুনিয়ার লোভমুক্ত, খাহেশাতের দাসত্ব হতে মুক্ত, অধিক রাত্রি জাগরণ আর অল্প পানাহারের দরুন তাদের শরীরকে এত সুঠাম মনে হয়না, হালকা-পাতলা গড়নের আর অনেকের কাছে মনে হতে পারে ‘আরে এ কি যুদ্ধ করবে, একে তো বাতাসেই উড়িয়ে নিয়ে যাবে’। কিন্তু হাকীকত হচ্ছে, যার মাঝে সাহাবাওয়ালা যিন্দেগী পাওয়া যাবে, তাকেই আল্লাহ তাআলা ব্যবহার করবেন, মাংশপেশীর দরকার হবে না। আপনার কি মনে হয়, সাহাবায়ে কেরামের শারীরিক কাঠামো কেমন ছিল? তাদের শারীরিক গঠন কি ফিল্মের নায়কদের মতো ষণ্ডামার্কা ছিল? কক্ষনো নয়। যারা চার-পাঁচ দিন

পর পর আহার করতেন, তাদের দৈহিক গঠন কখনোই মাংসল হতে পারেনা, নাদুস নুদুস হতে পারে না।

হযরত আলী রাদিয়াল্লহু আনহু বলেন, সকালবেলা সাহাবায়ে কেরাম এমনভাবে হেলেদুলে আল্লাহর যিকির করতেন, যেমন ঝড়ো বাতাসের দিনে গাছপালা দুলতে থাকে।

আমরা বুঝতে পারলাম, অবশ্যই শারীরিক শক্তি, সামরিক প্রশিক্ষণ, যুদ্ধের সরঞ্জাম, এগুলোর গুরুত্ব অপরিসীম, কিন্তু সাহাবাওয়ালা যিন্দেগী আর সাহাবাওয়ালা বন্দেগী, তাঁদের যিন্দেগীর সাথে যিন্দেগী মিলানো বেশি গুরুত্বপূর্ণ, এতে যদি শারীরিক দুর্বলতা পয়দাও হয়, সমস্যা নেই। হাকীকত হচ্ছে, যারা অল্প পানাহারে অভ্যস্ত, তারা দিনে একবার খেয়েও আদৌ কোনো দুর্বলতা অনুভব করেন না। কেননা যতটুকু দুর্বলতা তৈরি হবে, আর আল্লাহ তাআলার কাজ নেওয়ার জন্য যতটুকু শক্তির ঘাটতি থাকবে, ততটুকু ঘাটতি আল্লাহ তাআলার মদদ ও নুসরতের দ্বারা পূরণ করা হবে। এটি আল্লাহ পাকের কুদরত যে, তার বান্দারা আল্লাহর জন্য কম খাবে, আর তিনি তাদের দেহকে দুর্বল হতে দেন না। আর তাই বেশি খেয়ে শারীরিক প্রশিক্ষণের চেয়ে, না খেয়ে মানসিক প্রশিক্ষণ নেয়া বেশি গুরুত্বপূর্ণ।

আমরা জানি, হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালামের জন্য আল্লাহ পাক আসমান-জমীনের ধন-ভাণ্ডার উন্মুক্ত করে দিবেন। তিনি দুই হাতে মানুষকে দান করবেন। কোনো হিসাব-নিকাশ করবেন না। তখন তো উম্মতের খাবার দাবারের অভাব থাকবে না, তাই এত কষ্ট করে কম খাওয়ার দরকার কী?

আচ্ছা! আমি আপনাকে প্রশ্ন করি, এটি কি তাঁর প্রকাশ হওয়ার প্রথম দিনই হবে? যেদিন তিনি আত্মপ্রকাশ করবেন, সেদিনই কি আল্লাহ পাক উম্মতের জন্য তার অসীম খাজানার ভাণ্ডার উন্মুক্ত করে দিবেন? না, তা হবে না। কেননা, হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালামের সকল বিষয় নবুওয়তের যামানার সাথে মিলাতে হবে, কারণ তার সকল বিষয়ে আল্লাহর রাসূলের ﷺ যামানার সাথে মিল থাকবে। আল্লাহর রাসূলের জন্যও আল্লাহ পাক আসমান যমীনের ধন-ভাণ্ডার উন্মুক্ত করে দিয়েছিলেন, সেটি কি নবুওয়তের প্রথম দিনই হয়েছিল? আপনাদের কি মাক্কী যিন্দেগীর কথা মনে নেই, যখন সাহাবায়ে কেরামের উপর নির্যাতনের স্টীম-রোলার চালানো হয়েছিল? আপনাদের কি 'শাবে তালীব' উপত্যকার কথা স্মরণ নেই, যখন সাহাবায়ে কেরাম বয়কট অবস্থায় তিন বছর গাছের পাতা খেতেন, ফলে তাদের মল ছাগলের বিষ্ঠার মতো গুটি গুটি হয়ে গিয়েছিল? এই যামানা আবারো আসছে....

যারা ইমাম মাহদী আলাইহিস্ সালামের সঙ্গী হওয়ার স্বপ্ন দেখি, তারা যেন ভালোভাবে 'না খেয়ে থাকার মশক' করে নেই। কেননা, খাজানা উন্মুক্ত হওয়ার আগে খুব শীঘ্রই এমন সময় আসবে যখন আল্লাহর যিকির ছাড়া উম্মতের জন্য আহার করার মতো আর কোনো কিছু থাকবে না। তখন ক্ষুধার কষ্টে টিকে থাকা অনেক কঠিন হবে। ঈমান টিকিয়ে রাখাই কষ্টকর হয়ে দাঁড়াবে। আর ক্ষুধার কষ্ট সহ্য করা ব্যতীত সকল গোনাহ থেকে পাক হওয়াও অসম্ভব!!! আধ্যাত্মিক সাধনার শুরু হয় ভুখা থাকা দ্বারা।

তাছাড়া আমাদেরকে মনে রাখতে হবে, আমরা যদি আমাদের নিজেদের দুআগুলোকে আল্লাহ তাআলার কাছে সাহাবাদের মতো কবুল করাতে চাই, সাহাবাদের যিন্দেগীর সাথে আমাদের যিন্দেগী মিলতে হবে। মোটকথা, সকল ক্ষেত্রে কামিয়াবীর শর্ত একটাই, স্লোগান একটাই,

যিন্দেগী চাই সাহাবাওয়ালা যিন্দেগী,
দুনিয়ামুক্ত যিন্দেগী, গুনাহমুক্ত যিন্দেগী।

গুনাহের পরিচয় :

আল্লাহ তাআলার যে কোন হুকুম অমান্য করাকে গুনাহ বলে।

আর আল্লাহ তাআলার হুকুম দুই ভাগে বিভক্ত। ক. করণীয় আমল (যেমন: ঈমান, নামায, রোযা, হজ্জ, যাকাত ইত্যাদি) খ. বর্জনীয় কাজ (কুফুরী, শির্ক, মিথ্যা বলা, চুরি করা ইত্যাদি)

আল্লাহ তাআলা যা করতে বলেছেন, তা না করা আর যা করতে নিষেধ করেছেন, তা করা, উভয়ই গুনাহ। যেমন: নামায না পড়া, মিথ্যা বলা ইত্যাদি।

আল্লাহ তাআলার যত হুকুম আছে, তার কিছু কিছু সরাসরি আল্লাহ তাআলার হক (অধিকার), যাদেরকে 'হুকুকুল্লাহ' বলে, যেমন: ঈমান, নামায, রোযা ও অন্যান্য ইবাদত, আখলাক তথা ব্যক্তির আভ্যন্তরীণ ও

চারিত্রিক বিষয়াবলি ইত্যাদি। আর কিছু হুকুম আছে যেগুলো বান্দার অধিকার আদায় করার সাথে সংশ্লিষ্ট, যাদেরকে 'হাক্কুল ইবাদ' বলে। বান্দার হকের মধ্যে প্রথমে আসে পুরুষের জন্য পিতা-মাতার হক, অতঃপর স্ত্রীর হক, এবং নারীর জন্য বিবাহের পূর্বে সর্বাগ্রে পিতা-মাতার হক আর বিবাহের পর সর্বাগ্রে স্বামীর হক, এরপর পিতা-মাতার হক। অতঃপর নারী-পুরুষ উভয়ের জন্য সন্তানের হক, নিকটাত্মীয়ের হক, প্রতিবেশীর হক, সাধারণ মুসলমানদের হক, সাধারণ অমুসলমানদের হক, অন্যান্য জীব ও জড়বস্তুর হক ইত্যাদি। এগুলো মুআশারাত তথা সামাজিকতার অন্তর্ভূক্ত। এছাড়াও আছে, মুআমালাত তথা লেনদেন, রোজগার, চুক্তি, প্রাতিষ্ঠানিক নিয়মনীতি ইত্যাদি। এই সকল হক নষ্ট করাও গুনাহ। এগুলোর ইলম হাসিল করা জরুরী।

আল্লাহ তাআলার হক ও বান্দার হকের মধ্যে বান্দার হক বেশি মারাত্মক, কেননা আল্লাহ তাআলার হক নষ্ট হলে ইচ্ছা করলে তিনি মাফ করে দিতে পারেন, কিন্তু বান্দার হক নষ্টকারীকে আল্লাহ তাআলা কখনোই ক্ষমা করবেন না, যতক্ষণ না বান্দা তা ক্ষমা করে।

গুনাহ দুইভাবে সম্পাদন হয়ে থাকে।

এক. বাহ্যিক অঙ্গপ্রত্যঙ্গ দ্বারা সংগঠিত গুনাহ। প্রধান অঙ্গ মোট আটটি যেগুলো দিয়ে গুনাহ সম্পাদিত হয়, যথা: জিহ্বা, চোখ, কান, নাক, পেট, লজ্জাস্থান, হাত ও পা।

দুই. অন্তর দ্বারা সাধিত গুনাহ। অন্তরের কিছু গুনাহ আছে যেগুলো ঈমান বিধ্বংসী, যেমন কুফুরী, শিরকী, বিদআতী ইত্যাদি ভ্রান্ত আকীদা পোষণ করা। এসব গুনাহের দ্বারা মানুষ ইসলাম হতে বের হয়ে যায়। এছাড়া অন্তর দ্বারা সম্পন্ন হয় এমন গুনাহ প্রধানত দশ প্রকার যেগুলো করলে মানুষ কাফের/মুরতাদ হবে না কিন্তু গুনাহে কবীরা হবে এবং পরকালে জাহান্নামী হবে, যথাঃ দুনিয়ার মোহ, কিবির তথা অহংকার, রিয়া তথা লোক দেখানো মনোবৃত্তি, হাসাদ তথা হিংসা, পদের লোভ, ধন-সম্পদের মহব্বত, আত্মশ্লাগা বা খোদপছন্দী, ক্রোধ, ভোজনস্পৃহা, কাম-প্রবৃত্তি ইত্যাদি।

পাপকাজ পরিহার করঃ

ওহে আল্লাহর বান্দা! আল্লাহ পাকের সামনে তাঁর কোনো নাফরমানী করো না। তুমি যদি তোমার অঙ্গ-প্রত্যঙ্গ দ্বারা পাপকাজে লিপ্ত হও, তাহলে এর অর্থ হচ্ছে এই যে, খোদ আল্লাহ পাকের দেওয়া বিরাট নিয়ামত ও অবদানকে তুমি তাঁরই বিরুদ্ধে অবাধ্যতার কাজে ব্যবহার করছ। এটা নিয়ামতের চরম অকৃতজ্ঞতা এবং আমানতের চরম খেয়ানত। অথচ তোমার দেহের অঙ্গ-প্রত্যঙ্গগুলো তোমার জন্য প্রজা স্বরূপ। সুতরাং অধীন হিসেবেই সেগুলোকে ব্যবহার করা উচিত।

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "বস্তুতঃ তোমরা প্রত্যেকেই শাসক এবং তোমাদের প্রত্যেককেই নিজ নিজ অধীনস্থদের সম্পর্কে জবাবদিহি করতে হবে।" (বুখারী, মুসলিম)

তিনি আরো ইরশাদ করেন, “প্রকৃত মুহাজির সে, যে পাপকার্য ত্যাগ করেছে, আর প্রকৃত মুজাহিদ সে, যে নিজের প্রবৃত্তির বিরোধিতা করেছে।” (আহমাদ)

মনে রেখো, তোমার প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গ কিয়ামতের ময়দানে সুস্পষ্ট ভাষায় তোমার বিরুদ্ধে সাক্ষ্য প্রদান করবে। এতে বিশাল জনসমুদ্রের সম্মুখে তোমাকে লাঞ্ছিত হতে হবে।

আল্লাহ তাআলা বলেন,

يَوْمَ تَشْهَدُ عَلَيْهِمْ أَلْسِنَتُهُمْ وَأَيْدِيهِمْ وَأَرْجُلُهُم بِمَا كَانُوا۟ يَعْمَلُونَ

“সেদিন তাদের জিহ্বা, হাত ও পা তাদের বিরুদ্ধে তাদের কৃতকর্মের সাক্ষ্য দিবে।” (২৪ সূরা আন্ নূর:২৪)

তিনি আরও বলেন,

ٱلْيَوْمَ نَخْتِمُ عَلَىٰٓ أَفْوَٰهِهِمْ وَتُكَلِّمُنَآ أَيْدِيهِمْ وَتَشْهَدُ أَرْجُلُهُم بِمَا كَانُوا۟ يَكْسِبُونَ

“আজ আমি তোমাদের মুখে সীল মেরে মুখ বন্ধ করে দিব, তাদের হাত আমার সাথে কথা বলবে এবং তাদের পা তাদের কৃতকর্মের সাক্ষ্য দিবে।” (৩৬ সূরা ইয়াসীন: ৬৫)

তিনি আরো ইরশাদ করেন,

“তারা যখন জাহান্নামের কাছে পৌঁছাবে, তখন তাদের কান, চক্ষু ও ত্বক তাদের কর্ম সম্পর্কে সাক্ষ্য দিবে।

তারা তাদের ত্বককে বলবে, তোমরা আমাদের বিপক্ষে সাক্ষ্য দিলে কেন? তারা বলবে, যে আল্লাহ সবকিছুকে বাকশক্তি দিয়েছেন, তিনি আমাদেরকেও বাকশক্তি দিয়েছেন। তিনিই তোমাদেরকে প্রথমবার সৃষ্টি করেছেন এবং তোমরা তাঁরই দিকে প্রত্যাবর্তিত হবে।

তোমাদের কান, তোমাদের চক্ষু এবং তোমাদের ত্বক তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে না-এই ধারণার বশবর্তী হয়ে তোমরা তাদের কাছে কিছু গোপন করতে না। তবে তোমাদের ধারণা ছিল যে, তোমরা যা কর তার অনেক কিছুই আল্লাহ জানেন না।

তোমাদের পালনকর্তা সম্বন্ধে তোমাদের এ ধারণাই তোমাদেরকে ধ্বংস করেছে। ফলে তোমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভূক্ত হয়ে গেছ।” (৪১ হা-মীম সিজদাহঃ ২০-২৩)

অতএব, হে অসহায়! তোমার মন ও সমগ্র দেহকে আল্লাহর না-ফরমানী থেকে বাঁচিয়ে রাখ।

কুরআন কারীমে ইরশাদ হয়েছে,

يَعْلَمُ خَآئِنَةَ ٱلْأَعْيُنِ وَمَا تُخْفِى ٱلصُّدُورُ

“চোখের চুরি এবং অন্তরের গোপন বিষয় (কুচিন্তা) তিনি জানেন।”

(৪০ আল-মু’মিন: ১৯)

অঙ্গ-প্রত্যঙ্গের গুনাহ থেকে বাঁচা

চোখের হেফাযত:

তোমাকে চোখ দেওয়া হয়েছে, যাতে এর দ্বারা তুমি দেখে পথ চলতে পার, তোমার বহুবিধ প্রয়োজন মিটাতে পার, আকাশ-পৃথিবীর যাবতীয় আশ্চর্য বিষয় এবং আল্লাহ পাকের কুদরতের নিদর্শন দেখতে পার, কুরআন কারীম তিলাওয়াত করতে পার এবং এর দ্বারা নসীহত হাসিল করতে পার। অতএব, তোমার চক্ষুকে নিম্নোক্ত বিষয়গুলো থেকে বাঁচিয়ে রাখ:

- ✓ গায়রে মাহরাম মহিলাদের প্রতি দৃষ্টিপাত করা হতে বিরত থাক।
- ✓ কোনো সুন্দর চেহারার প্রতি (যেমন: অজাতশ্মশ্রু বালক, অপ্রাপ্ত বয়স্ক বালক-বালিকাদের প্রতি) কামাতুর দৃষ্টিতে তাকিও না।
- ✓ কোনো মুসলমানকে ঘৃণার চোখে দেখো না।
- ✓ কোনো মুসলমানের দোষ-ত্রুটি খুঁজে বেড়িয়ো না।

মনে রেখ, যিনা করার ইচ্ছা চোখ থেকেই উৎপন্ন হয়ে থাকে। প্রিয়নবী ﷺ ইরশাদ করেন, "শয়তানের তীরসমূহের মাঝে চক্ষু-দৃষ্টি একটি বিষাক্ত তীর। যে ব্যক্তি আল্লাহ তাআলার ভয়ে নিজের দৃষ্টিকে সংযত রাখে, আল্লাহ তাআলা তাকে এমন পরিপক্ক ঈমান দান করেন, যার মিষ্টতা সে নিজের অন্তরে অনুভব করে থাকে।"

চোখের হেফাজতের জন্য নিম্নের বিষয়গুলো স্মরণ রেখো:

- যার দিকে তাকালে মনে কুচিন্তা আসে, ভালো লাগে, চুমো দিতে ইচ্ছে হয়, যাকে কাছে পেতে ইচ্ছে করে, সাহচর্য বা সঙ্গলাভ অবলম্বন করতে ইচ্ছে হয়, কথা বলতে মনে চায়, কামভাব নিয়ে মুআনাকা বা মুসাফাহা করতে ইচ্ছে করে, অন্তরঙ্গতা তৈরি করতে আকাঙ্ক্ষা হয়, যার বিচ্ছেদে মন অস্থির হয়ে যায়, সঙ্গমসুখ লাভ করতে উন্মাদনা তৈরি হয়, এরকম যত মানুষ আছে, এরকম যত গার্লফ্রেন্ড-বয়ফ্রেন্ড আছে, এদের থেকে পলায়ন কর। এরা তোমার জন্য জাহান্নামের আগুন। এরা তোমার দুনিয়া ও আখিরাত উভয়কে বরবাদ করবে। এরা তোমার জন্য শয়তানের হাতিয়ার। সে এদের মাধ্যমে তোমাকে জাহান্নামে নিয়েই তবে ক্ষান্ত হবে। মনে রেখ, এরা তোমার জন্য আগুন, জাহান্নামের লেলিহান অগ্নিশিখা!!!
- নবীজী ﷺ ইরশাদ করেন, "গুপ্তাঙ্গের ন্যায় চোখও যিনা করে থাকে।" কামভাবের সাথে দৃষ্টিপাত করাই চোখের যিনা।"
- যেদিকে তাকালে চোখের গুনাহ হওয়ার সম্ভাবনা আছে, সেদিকে তাকিও না। যেমন: রাস্তায় হাঁটার সময় চোখ নত রাখ, এতটুকু উঁচু করা যাবে না, যাতে মানুষের চেহারার উপর চোখ পড়ে যায়, আবার এতটুকু নীচুও করা যাবে না, যাতে গাড়ি কোনো দুর্ঘটনা ঘটায়। আবার যদি কারোর

বাড়ির দিকে তাকালে সেখানে মহিলা চোখে পড়ার সম্ভাবনা আছে, তাই সেদিকে তাকাবে না।

- যে স্থানে গেলে চোখের গোনাহ হওয়ার সম্ভাবনা আছে, সে স্থানে নিতান্ত প্রয়োজন ছাড়া যাওয়া থেকে বিরত থাক। যেমন: মার্কেট, বিয়ে বাড়ি, পার্ক, পার্টি, মেলা, রাস্তাঘাট ইত্যাদি।
- চোখের গোনাহ হতে পারে এমন উপকরণ থেকে দূরে থাক। যেমন: স্মার্ট ফোন, ইন্টারনেট, টেলিভিশন, কম্পিউটার, মুভি, পর্নগ্রাফী, সংবাদপত্র, ম্যাগাজিন ইত্যাদি থেকেও নিজেকে বাঁচাও।
- নিচের কথা গুলো মনে রেখো-

✓যারা গার্লফ্রেন্ডদের দিকে তাকিয়ে মজা লয়, মৃত্যুর পর এদের চোখে গলিত সীসা ঢেলে দেয়া হবে।

✓যারা মোবাইল বা কম্পিউটারে অশ্লীল মুভি, কিংবা পর্নগ্রাফী দেখবে, মৃত্যুর পর এদের চোখে গলিত সীসা ঢেলে দেয়া হবে।

✓যারা রাস্তা ঘাটে পথের সুন্দরীদের দেখে মজা লুটবে, মৃত্যুর পর এদের চোখে গলিত সীসা ঢেলে দেয়া হবে।

✓যারা পর্দা করবে না, নিজের ভাবী, চাচী, শ্যালিকা ইত্যাদি গায়রে মাহরাম নারীদের সামনে যাবে, মৃত্যুর পর এদের চোখে গলিত সীসা ঢেলে দেয়া হবে।

✓ আর হাশরের বিচারে এদের জন্য জাহান্নাম ফয়সালা করা হবে। কত নিকৃষ্ট স্থান সেটি!!! কত ভয়াবহ আগুন সেটি!!! শাস্তি হিসেবে কতই না ভয়ঙ্কর সেটি!!! তাই সাবধান, চোখের হেফাযত কর।

কানের হেফাযত:

তোমার কানকে গান-বাজনা, বিদআত, গীবত, অশ্লীলতা, বাতিল ও অহেতুক আলোচনা, কারো পাপের কাহিনী ইত্যাদি শোনা থেকে হেফাযত কর। কেননা তোমার শ্রবণেন্দ্রিয় বা কান সৃষ্টি করা হয়েছে আল্লাহর কালাম (কুরআন কারীম), রাসূলুল্লাহ ﷺ এর হাদীস এবং আল্লাহওয়ালাদের হিকমতপূর্ণ বাণী শ্রবণ করার জন্য। এর সাহায্যে ইলম হাছিল করে তুমি মহান রাব্বুল আলামীনের চিরন্তন নেয়ামত ও অনাবিল সান্নিধ্য লাভ করবে। এই কানকে তুমি গোনাহের কাজে ব্যবহার করো না। যদি তুমি তোমার কানকে আল্লাহর অবাধ্যতার কথা শোনার জন্য ব্যবহার কর, তাহলে যে কান তোমার জন্য কল্যাণকর এবং সাহায্যকারী হওয়ার কথা ছিল, সেই কান তোমার বিরুদ্ধে চলে যাবে এবং যা তোমার নাজাতের কারণ হতে পারত, সেটাই তোমার ধ্বংসের কারণ হয়ে দাঁড়াবে। এটা তোমার জন্য মারাত্মক ক্ষতি। তুমি কখনো একথা মনে করো না যে, গুনাহ কেবল বক্তারই হয়ে থাকে; এতে শ্রোতার কোনো অংশ নেই। কেননা, হাদীস শরীফে আছে, "বক্তার সাথে শ্রোতাও পাপের অংশীদার এবং সে-ও বক্তার মত গীবতকারী হিসাবে গণ্য।" (তাবরানী)

মনে রেখ-

✓ যারা গান-বাজনা শুনবে, মৃত্যুর পর এদের কানে গলিত সীসা ঢেলে আযাব দেয়া হবে।

✓ যারা অশ্লীল কথা শুনবে, মৃত্যুর পর এদের কানেও গলিত সীসা ঢেলে আযাব দেয়া হবে। সুতরাং সাবধান!!!

জিহ্বার হেফাযত:

তোমার জিহ্বা বা বাকশক্তি সৃষ্টি করা হয়েছে, যাতে সর্বদা তুমি আল্লাহর জিকিরে নিয়োজিত হতে পার, তাঁর পবিত্র কালাম তিলাওয়াত করতে পার, আল্লাহর বান্দাদেরকে তাঁর পথে আহ্বান করতে পার এবং এই জিহ্বার সাহায্যে ধর্মীয় এবং পার্থিব বিষয়াবলি ব্যক্ত করতে পার। পক্ষান্তরে, এই জিহ্বাকে যদি আল্লাহর নাফরমানীর কাজে ব্যবহার কর, তাহলে প্রকারান্তরে আল্লাহর নেয়ামতকে তুমি অস্বীকার করলে। মনে রেখো, জিহ্বার অপব্যবহারই মানুষকে মুখ নীচে-পা উপরে করে জাহান্নামে নিক্ষেপ করে। সুতরাং তোমার জিহ্বাকে যথাসাধ্য নিয়ন্ত্রণ কর।

নবীজী ﷺ ইরশাদ করেন, "হাস্যচ্ছলে কোনো সময় বে-মালুম এমন কথাও মানুষের মুখ থেকে বেরিয়ে পড়ে, যা তাকে সত্তর বৎসরের জন্য জাহান্নামের গভীর গহ্বরে নিক্ষেপ করে।" (বুখারী, মুসলিম, তিরমিযী)

বর্ণিত আছে, রাসূলুল্লাহ ﷺ-এর জীবৎকালে একজন মুসলমান জিহাদে মৃত্যুবরণ করেছিলেন; এতে একজন সাহাবী মন্তব্য করেছিলেন 'সে জান্নাতে যাবে'। এ কথা শুনে হুযুর ﷺ তাকে বললেন, "তুমি কী করে জানলে, সে জান্নাতে যাবে? এমনও তো হতে পারে যে, সে অহেতুক কথাবার্তা বলতো এবং তার স্বার্থ নেই এমন বিষয়ে কৃপণতা করতো।" (তিরমিযী)

নবীজী ﷺ আরো ইরশাদ করেন, "যে ব্যক্তি জিহ্বাকে শাসনে রাখতে পেরেছে, সে মুক্তি লাভ করেছে।"

তিনি আরো বলেন, "আল্লাহ পাক যে ব্যক্তিকে পেট, কামেন্দ্রিয় এবং জিহ্বার আপদ হতে রক্ষা করেছেন, সে যাবতীয় আপদ হতে সুরক্ষিত হয়েছে।"

নবীজী ﷺ আরেকদিন বললেন,"কম কথা বলে এরূপ কোনো গম্ভীর ও চিন্তাশীল মুসলমানকে দেখতে পেলে তোমরা তার সঙ্গ ও নৈকট্য লাভের চেষ্টা করো, এরূপ স্বভাবের লোক কখনই হেকমতশূন্য হতে পারে না।"

একদিন হযরত উমর রদিয়াল্লহু আনহু দেখলেন যে, হযরত আবু বকর সিদ্দীক রদিয়াল্লহু আনহু হাত দিয়ে জিহ্বাকে টানছেন এবং কচলাচ্ছেন। হযরত উমর রদিয়াল্লহু আনহু জিজ্ঞাসা করলেন, "হে আল্লাহর রাসূলের খলীফা! আপনি এরূপ করছেন কেন?" তিনি উত্তর দিলেন, "এই জড়পিণ্ডটি আমাকে বহু বিপদে ফেলেছে।"

জিহ্বার আপদ থেকে বাঁচার জন্য হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু মুখে পাথর পুরে রাখতেন, যেন অসতর্কতাবশতঃ মুখ লাগামহীন হয়ে না যায়। যখন কথা বলার প্রয়োজন পড়ত, চিন্তা-ভাবনা করে, মুখ থেকে পাথর বের করে কথা বলতেন।

এ থেকেই বুঝা যায়, সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমগণ মুখের ব্যাপারে কতটা সতর্ক ছিলেন!!!

তাই মুখের সমস্ত আপদগুলো সম্পর্কে সংক্ষিপ্তভাবে আলোকপাত করা আবশ্যক মনে করছি।

জিহ্বার প্রথম আপদ: অনর্থক কথা বলা

যে কথার দ্বারা মানুষের ধর্মীয় বা দুনিয়াবী কোনো ফায়দা নেই, তাই অনর্থক বা বেহুদা কথা। এ ধরণের কথার দ্বারা মানুষ ইসলামের সৌন্দর্য থেকে দূরে সরে যায়। আর ইসলামের সৌন্দর্যই হচ্ছে নিরহঙ্কারপূর্ণ গাম্ভীর্যের মধ্যে।

মনে রেখো, যে ক্ষেত্রে মনোভাব প্রকাশের জন্য একটি শব্দই যথেষ্ট ছিল, সেক্ষেত্রে দুইটি শব্দ ব্যবহার করলে দ্বিতীয়টি অনর্থক বা অনাবশ্যক কথা হিসেবে গণ্য হবে, আর এজন্য তোমাকে দুর্ভোগ পোহাতে হবে।

এ ধরণের অনর্থক কথার দৃষ্টান্ত হলো- তুমি তোমার বন্ধু-বান্ধবের সাথে বসে আড্ডা দিচ্ছ আর তোমার দেশ ভ্রমণের কাহিনী, পাহাড়-পর্বত ও বন-জঙ্গলের অবস্থা, সে সময় তোমার কী কী অবস্থা হয়েছিল, কী কী ঘটেছিল, যা কিছু দেখেছ আর যা কিছু শুনেছ, সব ঠিক ঠিক বলছ, কোনো কম-বেশ করছ না। আজ ক্লাসে কী কী ঘটল, অফিসে কী কী হলো, এসব আলাপ-আলোচনা, সবই অপ্রয়োজনীয়। এর দ্বারা কারো কোনো ফায়দা নেই। তোমার এ জাতীয় প্রতিটি কথাই অনর্থক।

তারপর মনে কর, খেলাধুলা সংক্রান্ত যত আলোচনা আছে, যেমন ফুটবল, ক্রিকেট বিশ্বকাপ, টুয়েন্টি-টুয়েন্টি, কোন্ খেলোয়াড় সে-ই খেলেছে, কে বাজে খেলেছে, কেমন খেলা উচিত ছিল ইত্যাদি, এগুলো সবই অনর্থক কথা। এগুলোর দ্বারা তোমার চেহারার নূর নষ্ট হয়ে যাবে।

আরো ধর, রাজনৈতিক আলোচনা, বিভিন্ন সামাজিক ইস্যু, জাতীয় ও আন্তর্জাতিক ইস্যু, যেগুলো আলোচনা করার দ্বারা না তুমি সমাজকে বদলাতে পারবে, না পৃথিবীর কোনো মানুষের কোনো ফায়দা হবে, এসবই

অনর্থক। তবে হ্যাঁ, যেসব বিষয়ে উম্মতের স্বার্থ জড়িত, যেসব আলোচনা দ্বারা উম্মতের প্রতি মহব্বত, জিহাদী জযবা পয়দা হয়, সেগুলো অনর্থক নয়।

মা-বোনদেরকে দেখা যায়, দুই-তিনজন একসাথে হলেই আলোচনা শুরু করে দেয়, কার স্বামী কেমন, কার কোন্ সন্তানটা কী করে, কী তাদের অর্জন, কার কোন্ বিষয়ে কী কী পছন্দ-অপছন্দ, কার কোন্ আত্মীয়ের কী সমস্যা, কার কী অসুখ-বিসুখ, কার সংসার কেমন চলে ইত্যাদি, ইত্যাদি, এগুলোর কোনোই প্রয়োজন নেই। এ সবই অনর্থক।

মনে কর, তোমার বন্ধুকে দেখে বললে, বন্ধু! কোথা থেকে আসছ? কী কর? কী করছিলে? কোনো পথিক বা অপরিচিত ব্যক্তিকে জিজ্ঞাসা করলে- ভাই কী কাজ করেন, কোথায় থাকেন, বিদায় নেয়ার সময় বললে, ভাই, আপনাকে কষ্ট দিলাম; এগুলো সব বেহুদা কথা। অনেক সময় এ সকল কথা দ্বারা ঐ ব্যক্তিকে বিপদে ফেলা হয়। হয়ত সে বলতে চাচ্ছে না- সে কোথা থেকে এল, কী করছে, কী করছিল, কী কাজ করে ইত্যাদি, কিন্তু তুমি তাকে জিজ্ঞাসা করায় সঠিক জবাব দিলে হয়ত তার ক্ষতি হবে, বা সে হীনমন্য হবে, আবার ঘুরিয়ে জবাব দিলে মিথ্যা হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। তোমার একটা অনর্থক প্রশ্নের জবাব দিতে গিয়ে একজন মুসলমান গোনাহে কবীরা করে ফেলল। এর জন্য তো তুমিই দায়ী। তাই এ ধরণের কথা থেকে অত্যন্ত সতর্কতার সাথে পরহেয করা চাই।

মানুষ এ ধরণের কথা মূলত তিন কারণে বলে থাকে। (ক) লোকের অবস্থা অবগত হওয়া, (খ) পথিক বা অপরিচিত ব্যক্তির সাথে কথা বলার

পরিবেশ তৈরী করা, আর (গ) এরূপ জিজ্ঞাসাবাদ ও আলোচনার দ্বারা তার প্রতি নিজের অনুরাগ ও বন্ধুত্ব প্রকাশ করা। এসব না করা চাই।

এসব কথা ও কাজ সবই অপ্রয়োজনীয়। এর দ্বারা সময় নষ্ট হয়। ইসলামের নূর খতম হয়ে যায়। আল্লাহর সাথে দূরত্ব পয়দা হয়। এ সময়টা যিকির ও তিলাওয়াত করলে অনেক ফায়দা হতো। মনে রাখবে, তোমার জীবনের প্রতিটি মুহূর্তের হিসাব দিতে হবে। তাই নির্জনতা অবলম্বন কর। আড্ডাবাজি পরিহার কর। দ্বীনী কথা বল, নয়তো চুপ থাক।

࿐ জিহ্বার দ্বিতীয় আপদ: অন্যের কথার প্রতিবাদ করা

কারো কারো মাঝে এমন অভ্যাস আছে যে, কারো একটা কথা শুনামাত্র সাথে সাথে প্রতিবাদ করে এবং বলে যে, এটি এমন নয়। এইভাবে প্রতিবাদের মাধ্যমে কথা কাটাকাটি করে ঝগড়া বিবাদ পর্যন্ত হয়ে যায়। এ প্রতিবাদের অর্থ এই যে, "তুমি আহমক, নির্বোধ এবং মিথ্যাবাদী আর আমি চতুর, জ্ঞানী এবং সত্যবাদী।" এ ধরণের প্রতিবাদ দ্বারা সে বুঝাল যে, তার ভিতর অহংকার এবং ঈর্ষা-বিদ্বেষ নামক ভয়ানক এবং সর্বনাশা দুটি ব্যাধি আছে। এছাড়াও এ ধরণের কথার দ্বারা অন্য ভাই/বোনকে কষ্ট দেয়া হয়, তাকে ছোট করা হয়; যা স্বতন্ত্র একটি হারাম ও গোনাহে কবীরা। হ্যাঁ, প্রতিবাদ না করলে যদি ঐ বক্তার কিংবা উম্মতের ক্ষতির আশংকা থাকে, তাহলে প্রতিবাদ বৈধ। আর যে ক্ষেত্রে প্রতিবাদ করলে সংশোধনের পরিবর্তে ঝগড়া-ফাসাদের সম্ভাবনা থাকে, সেক্ষেত্রে কোনো অবস্থাতেই অন্যের কথার প্রতিবাদ বা ভুল ধরা যাবে না, চাই দ্বীনী বিষয়েই হোক, কিংবা দুনিয়াবী বিষয়েই হোক।

ঝগড়া-বিবাদ সর্বদাই পরিত্যাজ্য। যদি কারো সাথে ঝগড়া বেধেই যায়, যথাসাধ্য চেষ্টা করবে যে কোনো ভাবেই হোক যেন ঝগড়া এড়ানো যায়। একান্ত সম্ভব না হলে সত্য ভিন্ন অন্য কোনো কথা বলা উচিত নয়। এক্ষেত্রে প্রতিপক্ষের মনে কষ্ট দেয়ার ইচ্ছা করবে না। কর্কশ এবং অতিরিক্ত বাক্য প্রয়োগ করবে না। নাহলে তোমার দ্বীনদারীর যিন্দেগী ধ্বংস হয়ে যাবে।

জিহ্বার তৃতীয় আপদ: অশ্লীল গালি-গালাজ করা

নবীজী ﷺ ইরশাদ করেন, "যে ব্যক্তি অশ্লীল ভাষায় কথা বলে তার জন্য জান্নাত হারাম।" তিনি আরো বলেন,"জাহান্নামের মাঝে কিছু লোক এমন থাকবে যাদের মুখ দিয়ে মল-মূত্র বের হতে থাকবে এবং এর দুর্গন্ধ সহ্য করতে না পেরে অন্যান্য দোযখবাসীরা অভিযোগ করে জিজ্ঞাসা করবে 'এরা কেমন লোক? তাদের এই অবস্থা কেন?' উত্তর আসবে,"এরা সে সমস্ত লোক যারা পৃথিবীতে অশ্লীল ভাষায় কথা বলতে ভালোবাসত এবং অশ্লীল গালিগালাজ করত।"

মনে রেখো, নারী-পুরুষের অবৈধ মিলন সংক্রান্ত বিষয়ের বিকৃত ও কদর্য বিশ্লেষণ থেকেই অধিকাংশ অশ্লীল কথার উৎপত্তি হয়ে থাকে। আর অশ্লীল বিষয়ের প্রতি কাউকে সম্পৃক্ত করাকেই গালি-গালাজ বলে।

নবী করীম ﷺ ইরশাদ করেন, "যে ব্যক্তি নিজের পিতা-মাতাকে গালি-গালাজ করে তার উপর আল্লাহর লা'নত বর্ষিত হয়।" উপস্থিত সাহাবীগণ জিজ্ঞাসা করলেন, "এমন কাজ কে করবে?" অর্থাৎ এমন নরাধম কে আছে যে নিজের পিতামাতাকে গালি দিতে পারে?

হুযুর ﷺ বললেন, "যে ব্যক্তি অপরের পিতামাতাকে গালি দেয় এবং তার উত্তরে প্রতিপক্ষও তার পিতা-মাতাকে গালি দিয়ে প্রতিশোধ গ্রহণ করে। এমতাবস্থায় প্রথম ব্যক্তি যেন নিজেই নিজের পিতা-মাতাকে গালি দিল।"

֍ জিহ্বার চতুর্থ আপদ: কাউকে অভিশাপ দেওয়া বা বদ দোআ করা

আল্লাহর যে কোনো সৃষ্টির প্রতি (যেমন: মানুষ, পশুপাখি, পরিধেয় বস্ত্র ইত্যাদিকে) বদ-দোআ করা থেকে তোমার জিহ্বাকে সংযত কর। যদি কেউ তোমার উপর যুলুম করে তবে বিষয়টি আল্লাহর কাছে সোপর্দ করে দাও। প্রিয়নবী ﷺ ইরশাদ করেন, "মজলূম ব্যক্তি জালিমের বিরুদ্ধে বদ-দোআ করলে জুল্‌মের প্রতিশোধ পূরণ হয়েও জালিমের অতিরিক্ত হক পাওনা হয়ে যায়, যা কিয়ামতের দিন মজলূমের নিকট হতে জালিম ব্যক্তি উসূল করবে।"

জনৈক ব্যক্তি হাজ্জাজের (কুখ্যাত জালেম) বিরূপ সমালোচনা করলে এক বুযুর্গ বলেছিলেন, "আল্লাহ তাআলা জুলম-অত্যাচারের কারণে যেমন হাজ্জাজের প্রতিশোধ নিবেন, তেমনি হাজ্জাজের প্রতি কেউ জুল্‌ম বা যবান-দরাযী করলে সেটারও বিচার করবেন।"

এক্ষেত্রে কয়েকটি বিষয় মনে রাখবে-

- যারা অভিশাপের উপযুক্ত এমন জাতিকে সাধারণ ভাবে অভিশাপ দেয়া যায় বা বদ দোয়া দেয়া যায়। যেমন: "যালেমদের, চোরদের,

কাফেরদের, ব্যভিচারীদের ও ধর্মদ্রোহীদের, নাস্তিকদের, মুসলমানদের বিরুদ্ধে অস্ত্র উত্তোলনকারী ক্রুসেডারদের প্রতি আল্লাহর লা'নত হোক।"

- তবে এ ধরণের কর্মে লিপ্ত নির্দিষ্ট কোনো 'জীবিত' ব্যক্তিকে উদ্দেশ্য করে লা'নত করা যাবে না। কেননা হতে পারে সে মৃত্যুর পূর্বে তাওবা করে নিবে।

- মৃতদের ক্ষেত্রে, যাদের কুফুরী বা শেরেকী কুরআন হাদীস দ্বারা প্রমানিত, তাদেরকে লা'নত করা যায়। যেমনঃ ফিরাউন, আবু জেহেল, আবু লাহাব ইত্যাদি। কিন্তু যাদের ক্ষেত্রে কুরআন হাদীসে উল্লেখ পাওয়া যায়নি, তাদেরকে অভিশাপ দেয়া যাবে না। হতে পারে, মৃত্যুর পূর্বে সকলের অলক্ষ্যে সে ঈমান এনেছিল।

- কোনো মুসলমানকে অভিশাপ/বদ দোআ দেয়া তাকে হত্যা করার গোনাহের শামিল।

- মনে রেখো, সারা জীবনে যদি একবারও শয়তানকে লা'নত না করা হয়, তাতে আল্লাহ পাক তোমাকে জিজ্ঞাসা করবেন না যে, তুমি কেন তাকে লা'নত কর নাই। কিন্তু অন্য কোনো মাখলূককে একবার লা'নত করলে তোমাকে ময়দানে হাশরে অবশ্যই আটকে দেয়া হবে। তাই যুদ্ধের ময়দান ছাড়া মুখ দিয়ে কারো প্রতি যেন বদ দোআ/লা'নত ভুলেও না বের হয়। আর শয়তানকে লা'নত করাও অনর্থক কাজের মধ্যে গণ্য। কেননা এতে কারো কোনো ফায়দা বা সওয়াব নেই, বৃথাই সময় নষ্ট ছাড়া আর কিছুই নয়। এই সময়টা তাসবীহ-তাহলীল আর আল্লাহর ইবাদতে কাটাও, তাতে অনেক ফায়দা হবে। এতেই শয়তান বেশি কষ্ট পাবে।

জিহ্বার পঞ্চম আপদ: কবিতা পাঠ করা বা সাহিত্য সমালোচনা করা

ইসলামী সঙ্গীত, হামদ, নাত যদি বাজনা ছাড়া হয় তাতে কোনো সমস্যা নেই। কাব্যচর্চা হারাম নয়। কেননা সাহাবায়ে কেরাম নবীজী ﷺ-কে কবিতা পাঠ করে শুনাতেন। তিনিও তা শুনতে পছন্দ করতেন। তিনি নিজেই আদেশ দিয়েছেন, তোমরা তোমাদের সন্তানদেরকে কবিতা শিক্ষা দাও, এতে তাদের ভাষায় মাধুর্য তৈরি হবে।

তাহলে সমস্যা কোথায়? মিথ্যা বা লজ্জাকর প্রেম-কাহিনী অবলম্বনে লিখিত কবিতা, উপন্যাস, নাটক, গল্প ও অন্যান্য সাহিত্য পাঠ বা আলোচনা করা জায়েয নেই। এতে অন্তর বক্র ও অন্ধকারাচ্ছন্ন হয়ে যায়। অন্তরে ইল্‌ম ও আল্লাহর মারেফাতের নূর পয়দা হয় না। ফলে এরা হেদায়েত থেকে বঞ্চিত হয়ে যায়। এ কারণেই সাহিত্যের অধিকাংশ ছাত্ররা নাস্তিক-মুরতাদ হয়ে যায়।

অবশ্য যে সমস্ত কবিতা বা গল্প তুলনা বা উপমামূলক, সে সমস্ত কবিতা বা গল্প কল্পিত হলেও তা রচনা বা পাঠ করা হারাম নয়। কেননা এটিই সাহিত্যের প্রকৃতিগত বিশেষত্ব। আবার সাহিত্যের বাহ্যিক মর্মই পাঠক গ্রহণ করুক, অনেক ক্ষেত্রে সাহিত্যিকের উদ্দেশ্য তা থাকে না। এ ধরণের উপমামূলক কবিতা আল্লাহর রাসূল ﷺ নিজেও শুনেছেন।

জিহ্বার ষষ্ঠ আপদ: হাস্য-কৌতুক করা

প্রিয় নবীজী ﷺ সর্বদা ঠাট্টা-বিদ্রূপ ও কৌতুক করতে নিষেধ করেছেন। মাঝে মধ্যে যৎসামান্য কৌতুক বা খোশ-মেজাজী করা নিষিদ্ধ নয়, বরং এটি সৎস্বভাবের অন্তর্গত বলেই ধরে হয়, কিন্তু এটিকে স্থায়ী

অভ্যাসে পরিণত করা অন্যায়। কখনো হাসি-ঠাট্টা বা কৌতুক করতে হলে তাতে সত্য ভিন্ন মিথ্যা ব্যবহার করা জায়েয নেই। অধিক হাসি মানুষের দীলকে মেরে ফেলে, ইসলামের সৌন্দর্য 'নিরহঙ্কারপূর্ণ গাম্ভীর্য'-কে নষ্ট করে দেয়, মান-সম্মান কমিয়ে দেয়। মানুষের কাছে তার ব্যক্তিত্বের কোনো ওজন থাকে না। অনেক সময় হাসি-ঠাট্টার কারণে ঝগড়া-বিবাদের সৃষ্টি হওয়ারও সম্ভাবনা থাকে।

নবীজী ﷺ ইরশাদ করেন,"আমিও মাঝে মাঝে হাস্য-কৌতুক করি, কিন্তু সত্য কথা ভিন্ন অন্য কিছু বলি না।" যেমন, একদিন নবীজী ﷺ এক বৃদ্ধ মহিলাকে তার কষ্ট লাঘবের জন্য কৌতুক করে বললেন,"বৃদ্ধা স্ত্রীলোক বেহেশতে প্রবেশ করবে না।" একথা শুনে বৃদ্ধা মহিলা কান্না শুরু করে দিল। বৃদ্ধার কান্না দেখে নবীজী ﷺ বললেন, "ওহে বৃদ্ধা! তুমি হতাশ হয়ো না। আল্লাহ তোমাকে প্রথমে যুবতী বানাবেন, এরপর বেহেশতে দিবেন।" নবীজীর ﷺ কথা শুনে এবার বৃদ্ধার মুখে হাসি ফুটল।

রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন, "অপরকে হাসানোর জন্য কেউ কেউ হাস্যোদ্দীপক কথা বলে থাকে, কিন্তু তা দ্বারা সে নিজের মর্যাদাকে আকাশ-পাতালের দূরত্ব অপেক্ষাও অধিক নীচে নামিয়ে দেয়। যে জিনিস অধিক হাস্যোদ্দীপক, তা অতিশয় নিকৃষ্ট। মুচকি হাসি অপেক্ষা অধিক উচ্চ রবে হাস্য করা সঙ্গত নয়।"

প্রিয় নবীজী ﷺ আরো বলেন, "যা কিছু আমি জানি, তা যদি তোমরা জানতে পারতে, তবে অতি অল্প মাত্রায় হাসতে এবং অধিক পরিমাণে কান্না করতে।"

জিহ্বার সপ্তম আপদ: উপহাস ও ব্যাঙ্গোক্তি

অপরের কণ্ঠস্বর এবং চাল-চলনের অনুকরণ করে তার অনুরূপ কথা বলা এবং ভাব-ভঙ্গি অন্যদের সামনে প্রদর্শন করা, যাতে সকলের হাসি পায়, আর যাকে ব্যাঙ্গ করা হলো সে কষ্ট পায়, এরূপ করা হারাম।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

لاَ يَسْخَرْ قَوْمٌ مِّن قَوْمٍ عَسَىٰ أَن يَكُونُواْ خَيْراً مِّنْهُمْ

"তোমাদের মধ্যে কেউ যেন অপরকে ঠাট্টা-বিদ্রুপ না করে। বিচিত্র নয়, হতে পারে বিদ্রুপকৃত ব্যক্তিরা (আল্লাহ তাআলার দৃষ্টিতে) তাদের (বিদ্রুপকারীদের) অপেক্ষা উৎকৃষ্ট।" (সূরা হুজুরাত: ১১)

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "কোনো পাপকাজ হতে তওবা করার পর যদি কেউ ঐ ব্যক্তিকে তার সেই পাপ কাজ উল্লেখ করে দুর্নাম করে, তবে দুর্নামকারী উক্ত পাপে জড়িত না হয়ে মরবে না।"

কোনো ব্যক্তির সশব্দ বাতকর্মের জন্য হাসি-ঠাট্টা করতেও নবীজী ﷺ নিষেধ করে বলেছেন, "যে কাজ মানুষ নিজেও করে, সে কাজের জন্য অপরকে ঠাট্টা করবে কেন?"

তবে, মনে রেখ! যদি নিশ্চিতরূপে জানা যায় যে, যাকে নিয়ে ঠাট্টা করা হচ্ছে, সে কখনোই মনক্ষুন্ন হবে না, সেক্ষেত্রে হাস্য-কৌতুক করা নাজায়েয নয়। কিন্তু কষ্ট পাওয়ার বিন্দুমাত্র সম্ভাবনা থাকলেও তা জায়েয হবে না। মনে রাখতে হবে, অনেক মানুষ এমন আছে, যে মুখে বলে কষ্ট পাই নি, কিন্তু মনে মনে ঠিকই কষ্ট পায়। তাই সর্বোত্তম হলো, এমনটি না করা।

জিহ্বার অষ্টম আপদ: মিথ্যা ওয়াদা

ওয়াদা করে যাতে সে ওয়াদা ভঙ্গ করতে না হয়, সে বিষয়ে পূর্ণ সতর্কতা অবলম্বন করবে। কারো কোনো উপকার করতে হলে, চেষ্টা করবে কথার মাধ্যমে ওয়াদা না করে বাস্তব কর্মের মাধ্যমে তা করতে। একান্তই যদি কাউকে কোনো ব্যাপারে প্রতিশ্রুতি দিতে বাধ্য হও, তাহলে এভাবে বল, "সম্ভবত আমি এটি করতে পারবো, আল্লাহ পাক যদি চান।" আর নেহায়েত অপারগতা ও অসামর্থ্য ছাড়া কিছুতেই যাতে ওয়াদা ভঙ্গ করতে না হয়, সে ব্যাপারে তীব্র সতর্কতা অবলম্বন করবে। কেননা, ওয়াদার বরখেলাফ করা মুনাফেকী ও হীনচরিত্রের লক্ষণ। হযরত রাসূলে কারীম ﷺ ইরশাদ করেন, "তিনটি অভ্যাস যার ভিতর আছে, সে মুনাফিক; যদিও সে রোযা রাখে এবং নামায পড়ে: মিথ্যা বলা, ওয়াদার বরখেলাফ করা এবং আমানতের খেয়ানত করা (গচ্ছিত সম্পদ আত্মসাৎ করা)।"

এক ব্যক্তি আল্লাহর রাসূল ﷺ-এর হাতে বাইয়াত হলো এবং প্রতিশ্রুতি দিল যে, সে অমুক জায়গায় উপস্থিত হবে। কিন্তু ঘটনাক্রমে সে ভুলে গেল। তিনদিন পর তার স্মরণ হলে সে দৌঁড়ে সেখানে উপস্থিত হয়ে দেখল যে, নবীজী ﷺ সেখানে তিন দিন যাবৎ সেখানে তার জন্য অপেক্ষা করছেন।

মনে রেখ, কারো সঙ্গে কোনো স্থানে মিলিত হওয়ার প্রতিশ্রুতি দিলে নামাযের সময় না হওয়া পর্যন্ত সে স্থানে প্রতীক্ষা করা কর্তব্য।

আর নিতান্ত ঠেকাবশতঃ চেষ্টায় ত্রুটি না হওয়া সত্ত্বেও ওয়াদার খেলাফ হলে গোনাহ হবে না।

জিহ্বার নবম আপদ: মিথ্যা বলা ও মিথ্যা শপথ করা

সর্বাবস্থায় মিথ্যা বলা থেকে তোমার জিহ্বাকে সংযত রাখ। এটি মুনাফেকীর তিনটি আলামতের একটি। আন্তরিকভাবেই হোক আর কৌতুচ্ছলেই হোক, কোনো অবস্থাতেই মিথ্যার আশ্রয় নিবে না; এমনকি কৌতুকের বশেও তোমার জিহ্বাকে মিথ্যা বলায় অভ্যস্ত করবে না। কেননা, হতে পারে তোমার এই অভ্যাস আন্তরিকভাবেও তোমাকে মিথ্যা বলতে উৎসাহিত করবে। মনে রেখো, মিথ্যা বলা কবীরা গুনাহসমূহের অন্যতম উৎস। তুমি যদি মিথ্যুক হিসাবে চিহ্নিত হয়ে যাও, তাহলে তোমার সততা তথা সর্ববিষয়ে তোমার নির্ভরযোগ্যতা মানুষের দৃষ্টিতে বিক্ষত হয়ে যাবে। তোমার কথা বা বিবরণ কারো কাছে গৃহীত হবে না। ইসলামী আদালতে তোমার সাক্ষ্য কবুল করা হবে না। সকলেই তোমাকে ঘৃণা বা অবজ্ঞার দৃষ্টিতে দেখবে।

প্রিয় নবী ﷺ ইরশাদ করেন, "মুসলমান কখনোই মিথ্যা বলতে পারে না।"

আল্লাহ তাআলার ইরশাদ,

إِنَّمَا يَفْتَرِى ٱلْكَذِبَ ٱلَّذِينَ لَا يُؤْمِنُونَ

"নিশ্চয়ই যাদের ঈমান নেই, কেবল তারাই মিথ্যা কথা বলে থাকে।"

(সূরা নাহল: ১০৫)

রাসূলে কারীম ﷺ ইরশাদ করেন, মেরাজের রাত্রিতে হযরত জিব্‌রাঈল আলাইহিস্ সালাম আমাকে বললেন, একটু দাঁড়ান। আমি দাঁড়ালাম। এক কবরস্তানে দুই জন লোককে দেখতে পেলাম, একজন

দণ্ডায়মান এবং আরেকজন উপবিষ্ট। যে দাঁড়িয়ে আছে তার হাতে বাঁকা মাথাবিশিষ্ট একটি লোহার শলাকা ছিল। সে এটিকে যে বসে আছে তার মুখের ভিতর ঢুকিয়ে তার একদিকের চোয়ালে লাগিয়ে এমন জোরে টান দিল যে, চোয়ালটি তার কাঁধ পর্যন্ত ফেঁড়ে এসে পড়ল, পুনরায় অপর দিকের চোয়ালে লাগিয়ে একইভাবে টান দিল যে, চোয়ালটি তার অপর কাঁধ পর্যন্ত ফেঁড়ে চলে গেল এবং প্রথম চোয়ালটি পূর্বের অবস্থায় ফিরে এলো। বার বার সে এমনটি করতে থাকল। আমি জিজ্ঞাসা করলাম, এই ব্যক্তিটি কে? (যাকে এমন শাস্তি দেয়া হচ্ছে?) উত্তর আসল, 'মিথ্যাবাদী'। কিয়ামতের দিন পর্যন্ত তাকে এভাবে শাস্তি দেয়া হবে।

রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন, "মানুষ যখন মিথ্যা বলে ফেরেশতাগণ তখন তার মুখের দুর্গন্ধে তার থেকে এক মাইল দূরে সরে যায়।"

প্রিয়নবী ﷺ আরো বলেন, "কোনো লোকের নিকট হতে মিথ্যা কথা শোনে তা আরেকজনের কাছে বর্ণনা করাও মিথ্যা বলারই অন্তর্গত।" তাই কারো কাছে কোনো তথ্য শুনার পর তার সত্যতা যাচাই না করে, ভুলেও তা অন্যের নিকট বর্ণনা করবে না।

মিথ্যা কথা বলার দ্বারা অন্তর বক্র ও অন্ধকারাচ্ছন্ন হয়ে ভয়ঙ্কর ও বিভৎস রূপ ধারণ করে। অন্তরে ইল্‌ম ও আল্লাহর মারেফাতের নূর পয়দা হয় না। ফলে এরা হেদায়েত থেকে বঞ্চিত হয়ে যায়। অবশেষে তাওবা না করে মৃত্যুবরণ করে। নাউযুবিল্লাহ।

মনে রেখ- নিম্নের মাত্র কয়েকটি ক্ষেত্রে রাসূলুল্লাহ ﷺ তাঁর উম্মতকে মিথ্যা বলার অনুমতি দিয়েছেন।

১. জিহাদের ময়দানে দুশমনদেরকে নিজেদের সত্য পরিকল্পনা না জানিয়ে মিথ্যার আবরণে গোপন রাখা। কেননা তিনি বলেছেন, যুদ্ধ হচ্ছে ধোকাবাজি বা কৌশলের নাম।

যুদ্ধবন্দী অবস্থায়ও আপন বাহিনীর কোনো পরিকল্পনা বা অবস্থার কথা বলবে না, তাতে যদি জীবনও চলে যায়, যাক।

২. বিবাদমান দুই মুসলমানের মাঝে আপোষ-মীমাংসা করে দেওয়ার জন্য একপক্ষের হয়ে অপরপক্ষের কাছে প্রিয় ও উত্তম কথা শুনাবে, যদিও তা বানোয়াট হয়। কেননা এক ব্যক্তির মিথ্যার চেয়ে মুসলমানদের মাঝে অনৈক্য সৃষ্টি হওয়া বেশি ক্ষতিকর।

৩. কোনো পুরুষের দুই স্ত্রী থাকলে উভয়কেই বলবে, আমি তোমাকেই সবচেয়ে বেশি ভালোবাসি, যদিও তা ভুয়া হয়। কেননা এর দ্বারা অনেক ফেতনার রাস্তা বন্ধ হয়ে যায়। তাছাড়া যার এক স্ত্রী আছে, সেও তার স্ত্রীকে সন্তুষ্ট রাখতে মাঝে মধ্যে মিথ্যা বলতে পারে, তাতে সমস্যা নেই।

৪. যালেমের হাত হতে মুসলমানের যান-মালের হেফাযতের জন্য যালেম যদি সে মুসলমানের সন্ধান চায়, তবে জানা থাকলেও তাকে তার সন্ধান দিবে না, বলবে তার সম্পর্কে আমার কিছু জানা নেই।

আরেক প্রকারের মিথ্যা জায়েয, কিন্তু সেটি একান্ত ঠেকায় পড়ে বাধ্য হলে। একান্ত প্রয়োজন না হলে এরূপ বলা জায়েয নেই। এক্ষেত্রে সত্যই বলা হয়, কিন্তু শ্রোতা অন্য কিছু বুঝে নেয়। আর বক্তার উদ্দেশ্যও থাকে অন্য কিছু বুঝানো। বলা হয় এক কথা, বুঝানো হয় অন্য কিছু। দুটি উদাহরণ দেয়া যাক-

একবার হযরত মুআয রদিয়াল্লহু আনহু যাকাত তহ্‌সীলের কাজ শেষ করে ঘরে ফিরলে তাঁর স্ত্রী জিজ্ঞাসা করলেন, "আপনি হযরত উমর রদিয়াল্লহু আনহুর অধীন তহ্‌সীলদারীর কাজ করে এত যাকাতের টাকা আমদানী করে আসলেন, আমার জন্য কী এনেছেন?" হযরত মুআয রদিয়াল্লহু আনহু জবাব দিলেন, "আমার সাথে একজন প্রহরী ছিল, কাজেই কিছু আনতে পারিনি।" 'প্রহরী' বলতে তিনি সর্বদ্রষ্টা মহান আল্লাহ তাআলাকে উদ্দেশ্য করেছেন। কিন্তু তাঁর স্ত্রী বুঝেছিলেন, হয়ত সত্যি সত্যি খলীফা উমর রদিয়াল্লহু আনহু হযরত মুআয রদিয়াল্লহু আনহুর গতিবিধি লক্ষ্য করার জন্য একজন প্রহরী নিযুক্ত করেছেন।

হযরত শাবী রাহিমাহুল্লাহ অত্যাচারী শাসকদের হাত হতে বাঁচতে তাঁর দাসীকে বলে দিয়েছিলেন, কেউ আমাকে ডাকলে, দরজার মাঝে একটি বৃত্ত একে তার মধ্যে আঙুল রেখে বলে দিবে যে, তিনি এখন এখানে নেই, অথবা বলে দিবে, মসজিদে খোঁজ করুন।.....

মনে রাখবে, এরকম গোলমেলে বাক্য তখনই জায়েয হবে, যখন সরাসরি কিছু বললে বিপদে বা সমস্যায় পড়তে হয়। কিন্তু এক্ষেত্রে খেয়াল রাখবে, সত্যের সাথে যেন মিথ্যার মিশ্রণ না হয়।

ৠ জিহ্বার দশম আপদ: গীবত

কারো পশ্চাতে নিন্দা চর্চা করা কিংবা এমন কোনো ত্রুটি বর্ণনা করা, যে দোষ আসলেই তার মাঝে আছে, যা ঐ ব্যক্তির সামনে বললে সে কষ্ট পেত, এমন কথাকেই 'গীবত' বলে। আর যদি কারো পশ্চাতে মিথ্যা দোষ বর্ণনা করা হয়, যা তার মাঝে নেই, এটি আরো মারাত্মক গোনাহ, একে 'বুহতান' বা 'মিথ্যা অপবাদ' বলে।

গীবত করা বা গীবত শুনা উভয়টিই সমান অপরাধ।.......

আল্লাহ পাক পবিত্র কুরআনে বলেছেন,

وَلاَ يَغْتَب بَّعْضُكُم بَعْضاً أَيُحِبُّ أَحَدُكُمْ أَن يَأْكُلَ لَحْمَ أَخِيهِ مَيْتاً فَكَرِهْتُمُوهُ

"তোমাদের মধ্যে কেউ অপরের গীবত করো না; তোমাদের কেউ কী তার মৃত ভাইয়ের গোশত খাওয়া পছন্দ কর? অবশ্যই তোমরা এটাকে ঘৃণা কর।" (৪৯ সূরা হুযুরাত: ১২)

নবী করীম ﷺ ইরশাদ করেন, "পরনিন্দা হতে বেঁচে থাক। কেননা, 'গীবত' যিনা অপেক্ষা গুরুতর পাপ। যিনা করার পর অনুতপ্ত হয়ে খাঁটি দীলে তওবা করলে আল্লাহ তাআলা হয়ত তাকে ক্ষমা করে দিবেন, কিন্তু কারো গীবত করার পর সেই ব্যক্তি ক্ষমা না করা পর্যন্ত তওবা কবুল হবে না।"

প্রিয় নবীজী ﷺ আরো ইরশাদ করেন, মিরাজের রাতে একদল মানুষের নিকট দিয়ে যাওয়ার সময় দেখতে পেলাম, তারা নিজেদের মুখমণ্ডলের গোশত নখ দ্বারা ছিঁড়ে খণ্ড-বিখণ্ড করছে। জিজ্ঞাসা করলাম, এরা কারা? উত্তর আসল, এরা পৃথিবীতে গীবত (পরনিন্দা) করে বেড়াত।

হাদীস শরীফে এসেছে, কবরে যে দুটি গোনাহের জন্য সবচেয়ে বেশি আযাব হবে সেগুলো হলো- এক. গীবত তথা পরনিন্দা করা, দুই. নিজেদের পরিধেয় বস্ত্র প্রস্রাব করার সময় ছিটা থেকে রক্ষা না করা।

➢ কত ভাবে যে গীবত হয়........!!!

যে গুনাহ যিনার চেয়েও মারাত্মক, তাহলে বুঝতেই পারছো, গীবত কতটা ভয়ংকর! কিন্তু আমরা অধিকাংশ মুসলমানই জানি না কোন্ কথাটি আসলে গীবত, আর কোন্টা গীবত না। তাই মনোযোগ দিয়ে বুঝে নাও-

মনে কর, তুমি কারো শরীর, বংশ, পোশাক-পরিচ্ছদ, পশু, ঘর-বাড়ি, কার্যকলাপ, কথাবার্তা, অঙ্গ-ভঙ্গি, চাল-চলন ইত্যাদি সম্পর্কে এমন কোনো কথা বললে বা আকারে ইঙ্গিতে বা ইশারায় বুঝিয়ে দিলে কিংবা কাগজে-কলমে লিখলে যা ঐ ব্যক্তির দোষ ইঙ্গিত করে, তা-ই গীবত।

শরীর সম্পর্কে গীবত এই যে, তুমি কোনো ব্যক্তি সম্পর্কে বললে, লোকটি ঢেঙ্গা, বেটে (পুইট্টা), কাল, পীতবর্ণ, চোখটা জানি কেমন, কিংবা টেরা চোখ, নাক বোচা ইত্যাদি, এগুলো যদিও সত্য তবুও গীবত।।

মনে কর, এক ব্যক্তি খাটো, আর তুমি তা বুঝানোর জন্য হাত দিয়ে ইশারা করলে, টেরা বুঝানোর জন্য মুখে কিছু না বলে চোখ ঘুরিয়ে বুঝিয়ে দিলে, কিভাবে হাঁটে তা হেঁটে দেখালে, একব্যক্তি কথা কম বলে বা গম্ভীর থাকে আর বুঝানোর জন্য তুমি মুখ ফুলিয়ে বুঝিয়ে দিলে, তাও গীবত হবে।

আবার মনে কর, তুমি কারো নাম বললে না, শুধু বললে, কোনো একজন খোঁড়া লোক এভাবে হাঁটে। আর যাকে বললে, সে যদি না বুঝে

তাহলে তা গীবত হবে না, কিন্তু সে যদি বুঝে ফেলে তুমি কার কথা বলতে চাচ্ছ, তাহলেই তা গীবত হয়ে যাবে। এভাবে কাগজে কলমেও যদি কিছু লিখ, আর তা কারো দোষ বুঝায়, আর কেউ বুঝে ফেলে এটি কার সম্পর্কে লিখা হলো, তাহলে তাও গীবত।

বংশ সম্পর্কে গীবত এই যে, কাউকে বললে, লোকটি হারামীর বাচ্চা, রোহিঙ্গা, জোলার পুত ইত্যাদি।

চরিত্র সম্পর্কে গীবত এই যে, কাউকে বললে, লোকটি অশ্লীলভাষী, অহংকারী, রিয়াকার, দেখানো ইবাদত করে, চোর, বিশ্বাসঘাতক, বেশি কথা বলে, খালি প্যান প্যান করে, ভীরু, কাপুরুষ, অলস, ফাউল, আবুল, বেশি খায়, খালি ঘুমায়, পরিষ্কার কাপড় পরে না, টুপি ময়লা থাকে ইত্যাদি, এগুলো যদিও সত্য তবুও গীবত।

ইবাদত বন্দেগী সম্পর্কে গীবত এই যে, তুমি বললে, অমুক বে-নামাযী, রুকু সিজদা ঠিকমত করে না, কুরআন ভুল পড়ে, কাপড় পাক রাখে না, যাকাত দেয় না, হারাম খায়, সুদ খায়, ঘোষ খায়, জিহ্বাকে সংযত রাখে না, নিজের মর্যাদা অনুযায়ী চলে না, এগুলো যদিও সত্য তবুও গীবত।

➢ সাধু বেশে গীবত.........!!! হা হা হা!!!

দ্বীনদার-পরহেযগার লোকেরা কিভাবে গীবত করে তা কি তুমি জান?

মনে কর, তোমার সামনে কেউ অন্য একজনের দোষ বর্ণনা করল, আর সাথে সাথে তুমি বললে, "সমস্ত প্রশংসা আল্লাহর জন্য যিনি আমাদেরকে এসব দোষ থেকে পাক রেখেছেন।" কিংবা বললে,

সুবাহানাল্লাহ! বলো কী! এটা তো বড়ই আশ্চর্যের কথা! সেও এ ধরণের কাজ করে?" কিংবা বললে, "অমুকের এমন দুরবস্থা শুনে খুবই দুঃখিত হলাম, আল্লাহ তাকে রক্ষা করুন।" এগুলো সব নেক সুরতে গীবত। কেননা, তুমি বুঝালে, লোকটি যা করছে তা আসলেই খুব খারাপ, আর তোমার সাথে যে নিন্দা চর্চা করলো, তাকে তুমি সমর্থন দিলে।

আবার কারো সম্পর্কে বললে, "লোকটি অনেক পরহেযগার, কিন্তু তার মধ্যেও কয়েকটি সমস্যা আছে (কিংবা বললে এই... এই...সমস্যা আছে)। আমরা দোআ করি, আল্লাহ যেন তাকে তার সব দোষ-ত্রুটিগুলো থেকে পাক করে দেন। আল্লাহ আমাদের সকলকে তাওবা করার তাওফীক দান করুন। আমীন।" হা হা হা!!! এটি সাধু বেশে এক ভয়ংকর গীবত!!!

এটি একই সাথে মুনাফেকী এবং গীবত। কেননা, অন্তরে গীবতের প্রতি ঘৃণা নেই, দীলের মাঝে গীবত করার ইচ্ছা, কিন্তু মুখে সাধু বেশে অন্যের দোষচর্চা করা হচ্ছে। মানুষকে নেক সুরতে ধোকা দেয়া হচ্ছে।

কেউ যদি তোমার সামনে অন্য কারো দোষ চর্চা করে,তাহলে তাকে আকারে ইঙ্গিতেও যদি বুঝিয়ে দাও, ভাই গীবত করবেন না, তাতেও তোমার দায়িত্ব পুরোপুরি আদায় হবে না। এক্ষেত্রে তোমাকে যা করতে হবে তা হলো- এক. অন্তর থেকে গীবতকে ঘৃণা করতে হবে, দুই. স্পষ্ট ভাষায় গীবত করতে নিষেধ করতে হবে।

